



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০১ সেপ্টেম্বর ২০২৪

তারিখ: -----

১৭ ভদ্র ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-৪০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সচল রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের জন্য ঋণ সুবিধা প্রসঙ্গে

সাম্প্রতিক অভ্যন্তরীণ রাজনেতিক ও বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়িক পরিবেশ বিস্তৃত হওয়ায় রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদন কার্যক্রম এবং রঞ্জানিমূল্য যথাসময়ে প্রত্যাবাসন প্রতিয়া বাধাঘাস্ত হচ্ছে। ফলশ্রুতিতে উক্ত প্রতিষ্ঠানসমূহের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের সক্ষমতা হ্রাস পেয়েছে। এক্ষণে উৎপাদন সক্ষমতা বজায় রেখে রঞ্জানির গতিধারা অব্যাহত রাখার লক্ষ্যে রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে অর্থায়ন সহায়তা প্রদানের আবশ্যিকতা পরিলক্ষিত হচ্ছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, সচল রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা যথাসময়ে পরিশোধের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানসমূহের রঞ্জানি সক্ষমতা ও দেশের আর্থিক প্রবৃক্ষ অক্ষুন্ন রাখার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে:

- ক) সচল রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিক-কর্মচারীদের আগস্ট ২০২৪ মাসের বেতন-ভাতা পরিশোধের নিমিত্ত চলতি মূলধন ঋণসীমার বাইরে প্রযোজ্যতা অনুসারে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে গ্রাহকের সক্ষমতা বিশ্লেষণপূর্বক মেয়াদী ঋণ সুবিধা প্রদান করা যেতে পারে;
- খ) ঋণ সুবিধার পরিমাণ ঋণঘোষণা শিল্প প্রতিষ্ঠানের বিগত তিনি মাসের প্রদত্ত গড় বেতন/ভাতার অধিক হবে না;
- গ) যে সকল শিল্প প্রতিষ্ঠান মোট উৎপাদনের ন্যূনতম ৮০ শতাংশ রঞ্জানি করে তারা রঞ্জানিমুখী শিল্প এবং যে সকল প্রতিষ্ঠান তাদের শ্রমিক-কর্মচারীদেরকে বিগত মে ২০২৪ হতে জুলাই ২০২৪ মাসের বেতন পরিশোধ করেছে তারা সচল হিসেবে বিবেচিত হবে। সচল ও রঞ্জানিমুখী হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠনের (বিজিএমইএ, বিকেএমইএ ইত্যাদি) প্রত্যয়নপত্র দ্বারা সমর্থিত হতে হবে;
- ঘ) এক্সপ্রেস ঋণের বিপরীতে বাজারভিত্তিক প্রচলিত সুদহার প্রযোজ্য হবে;
- ঙ) তফসিলি ব্যাংকসমূহ সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারীর ব্যাংক হিসাবে (Mobile Financial System-MFS হিসাবসহ) সরাসরি আগস্ট ২০২৪ মাসের বেতন/ভাতার অর্থ প্রদান করবে;
- চ) আলোচ্য ঋণসহ গ্রাহকের মোট ঋণ একক গ্রাহক ঋণ সীমার (Single Borrower Exposure Limit) মধ্যে থাকতে হবে;
- ছ) উক্ত ঋণের অর্থ মেয়াদী ঋণ আকারে ৩ মাসের প্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১ বছরে সমর্কিত্বিতে (মাসিক/ত্রিমাসিক) আদায় করা যেতে পারে; এবং
- জ) এক্সপ্রেস ঋণের উপর নিয়মিত সুদ ব্যতীত অন্য কোনো প্রকার অতিরিক্ত সুদ/মুনাফা/ফি/চার্জ (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২